## DSE-A-2.3

## [Philosophy of Language (Western)]

**Full Marks : 65**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) নিম্নোক্ত কোনটি প্রথাসিদ্ধ চিহ্ন বা সংকেত?

(অ) গাণিতিক চিহ্ন (আ) ঘণ্টাধ্বনি

(ই) লাল আলো যা গাড়ি থামানোর সংকেত (ঈ) সবকটি।

(খ) নিম্নোক্ত কোন্ বাক্যটি কার্য অর্থে ব্যবহৃত হয়েছে?

(অ) ধূমের অর্থ বহ্নি (আ) তোমার এমন আচরণের অর্থ কী?

(ই) যুদ্ধের অর্থ ধ্বংস (ঈ) তোমার এ কাজ অর্থহীন।

(গ) নিম্নোক্ত কোন্ বাক্যটি রূপক-যুক্ত বাক্য?

(অ) 'শৌর্য' এবং 'সাহসিকতার' মানে অভিন্ন। (আ) সত্য কী?

(ই) 'বিড়াল' শব্দটি তিনটি অক্ষর দ্বারা গঠিত। (ঈ) আমি ওসবের ঊর্ধ্বে।

(ঘ) গোধূলি হল দিন ও রাত্রির মধ্যবর্তী সময়— গোধূলির এই সংজ্ঞাটি যে দোষে দুষ্ট, সেটি হল—

(অ) অব্যাপ্ত দোষ (আ) অসম্পূর্ণ দোষ

(ই) আলংকারিক দোষ (ঈ) অতিব্যাপ্ত দোষ।

(ঙ) নিম্নোক্ত শব্দগুলির মধ্যে কোন্‌টির প্রদর্শনমূলক সংজ্ঞা দেওয়া যায়?

(অ) সবুজ (আ) পর্বত

(ই) ত্রিভুজ (ঈ) নদী।

(চ) নিম্নোক্ত যে শব্দের অর্থ আছে, কিন্তু বাচ্যার্থ নেই, তা হল—

(অ) বন্ধ্যাপুত্র (আ) মৎস্যকন্যা

(ই) গগনকুসুম (ঈ) কোনোটিই নয়।

(ছ) নিম্নলিখিত কোন্ শব্দযুগল মেরু শব্দ <u>নয়</u>?

(অ) সাদা-কালো (আ) ছোট-বড়

(ই) রুটি-মাখন (ঈ) রাজা-প্রজা।

(জ) বাক্যার্থের মানদণ্ড হল—

(অ) দ্ব্যর্থতা (আ) অস্পষ্টতা

(ই) সত্যতার শর্ত (ঈ) সবকটি।

(ঝ) 'সব মানুষ ২৫ ফুট লম্বা'।— এই বাক্যটি

(অ) স্ববিরোধী (আ) অর্থহীন

(ই) অর্থপূর্ণ এবং সত্য (ঈ) অর্থপূর্ণ এবং মিথ্যা।

(ঞ) 'এক সংখ্যাটি লাল'।— এই বাক্যটি অর্থহীন কারণ এটি যে দোষে দুষ্ট, তা হল

(অ) প্রকার বিভ্রম দোষ (আ) স্ববিরোধী দোষ

(ই) অননুবাদ্য উপমা (ঈ) প্রসঙ্গ বিভ্রম দোষ।

(ট) নিম্নলিখিত কোন্‌টি অর্থের পরীক্ষণযোগ্যতার মানদণ্ড?

(অ) যাচাইযোগ্যতা (আ) সমর্থনযোগ্যতা

(ই) অ ও আ—উভয়ই (ঈ) কোনোটিই নয়।

(ঠ) হাইড্রোজেন পরমাণুতে আছে একটি মাত্র ইলেকট্রন।

(অ) উপরোক্ত বাক্যটি যাচাইযোগ্য

(আ) উপরোক্ত বাক্যটি সমর্থনযোগ্য

(ই) উপরোক্ত বাক্যটি যাচাইযোগ্য এবং সমর্থনযোগ্য উভয়ই

(ঈ) কোনোটিই নয়।

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) শব্দের সঙ্গে তার অর্থের সম্পর্ক বিষয়ে হসপার্সের মত কী?

(খ) প্রক্রিয়া-পরিণতি দ্ব্যর্থতা ও প্রকার-দৃষ্টান্ত দ্ব্যর্থতা উদাহরণসহ আলোচনা করো।

(গ) 'অর্থ' শব্দের যে-কোনো পাঁচটি অর্থ উদাহরণসহ বিবৃত করো।

(ঘ) লক্ষণসূচক বৈশিষ্ট্য ও সহগামী বৈশিষ্ট্যের পার্থক্য উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বাচ্যার্থমূলক সংজ্ঞা কাকে বলে? এই সংজ্ঞার যে-কোনো তিনটি অসুবিধা আলোচনা করো।

(চ) বাক্যার্থ নির্ণয়ের যে-কোনো দুটি মানদণ্ড উদাহরণসহ সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ছ) নিম্নলিখিত সংজ্ঞাগুলির মূল্যায়ন করো ঃ

(অ) দূরভাষ হল যোগাযোগের একটি মাধ্যম।

(আ) বাম হল ডান বা দক্ষিণের বিপরীত।

(জ) নিম্নলিখিত বাক্যগুলি কি স্ববিরোধী? উত্তরের সমর্থনে যুক্তি দাও ঃ

(অ) ঘরটি একেবারে শূন্য কিন্তু বই দিয়ে ভরা।

(আ) ত্রিভুজ তিন বাহুবিশিষ্ট নয়।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) (অ) উপযুক্ত উদাহরণসহ লক্ষণসূচক বৈশিষ্ট্য ও সহগামী বৈশিষ্ট্যের মধ্যে পার্থক্য করো।

(আ) 'X শব্দটির সংজ্ঞা দিয়ে X বস্তুটি আদৌ জগতে আছে কি না— সে সম্বন্ধে কিছুই বলা যায় না...' ব্যাখ্যা করো।

(ই) নিম্নলিখিত বচনগুলির মধ্যে কোন্‌টি লক্ষণসূচক বৈশিষ্ট্য ও কোন্‌টি সহগামী বৈশিষ্ট্য প্রকাশক তা প্রতিটি ক্ষেত্রে ব্যাখ্যা করে দেখাও ঃ

(১) ইস্পাত হল লৌহসংকর।

(২) একজন ভালো ছাত্র সেই, যে সর্বোচ্চ নম্বর পায়।

(৩) কুঠার ছেদনক্রিয়ার জন্য ব্যবহৃত হয়।

(৪) মানুষ হাস্যময় জীব। ৫+৪+(১½×৪)

(খ) শাব্দিক ও প্রদর্শনমূলক সংজ্ঞার মধ্যে পার্থক্য করো। প্রদর্শনমূলক সংজ্ঞার প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা আলোচনা করো। ৫+১০

(গ) নির্দেশমূলক শব্দার্থতত্ত্বটি বিশদে আলোচনা করো। এই তত্ত্ব কি গ্রহণযোগ্য? যুক্তিসহ উত্তর দাও। ১০+৫

(ঘ) অর্থ নির্ণয়ের মানদণ্ড হিসেবে যাচাইযোগ্যতা ও সমর্থনযোগ্যতার মধ্যে পার্থক্য কী? অর্থের সমর্থনযোগ্যতা মানদণ্ডটি ব্যাখ্যা ও বিচার করো। ৩+১২

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

1. Choose the correct option (***any ten***) : 1×10

(a) Which of the following is a conventional sign or symbol?

(i) Mathematical symbols (ii) Ringing of bell

(iii) Red light indicated the vehicles to stop (iv) All of these.

(b) Which one of the following sentences is used in the sense of effect?

(i) Smoke means fire (ii) What is the meaning of your behaviour?

(iii) War means destruction (iv) Your act is meaningless.

(c) Which of the following sentence has a figurative expression?

(i) 'Valor' means the same as 'courage'. (ii) What is truth?

(iii) The word 'cat' has three letters. (iv) I am above all that.

(d) Twilight is the period between day and night— this definition of 'twilight' is affected by the fallacy of being—

(i) Too narrow (ii) Incomplete

(iii) Metaphorical (iv) Too wide.

(e) Which one of the following words can be defined ostensively?

(i) Green (ii) Mountain

(iii) Triangle (iv) River.

(f) The word, amongst the following, has meaning but no denotation is—

(i) Barren mother's child (ii) Mermaid

(iii) Sky flower (iv) All of these.

(g) Which of the following pair of words is <u>not</u> polar words?

(i) White-black (ii) Small-big

(iii) Bread-butter (iv) King-subject.

(h) The criterion of sentence-meaning is—

(i) Ambiguity (ii) Vagueness

(iii) Truth-condition (iv) All of these.

(i) 'All men are 25 feet tall.'— This statement is

(i) Self-contradictory (ii) Meaningless

(iii) Meaningful and true (iv) Meaningful and false.

(j) 'Number 1 is red.'— This statement is meaningless because it involves

(i) Category mistake (ii) Self-contradiction

(iii) Untranslatable metaphors (iv) Meaninglessness outside a given context.

(k) Which one of the following is the criterion of testability of meaning?

(i) Verifiability (ii) Confirmability

(iii) (i) and (ii) both (iv) None of these.

(l) The hydrogen atom has one electron.

(i) The above statement is verifiable.

(ii) The above statement is confirmable.

(iii) The above statement is both verifiable and confirmable.

(iv) None of the above.

2. Answer in brief ***any five*** of the following questions : 5×5

(a) What according to Hospers, is the relation between a word and its meaning?

(b) Explain with examples the process-product ambiguity and type-token ambiguity.

(c) State any five meanings of the word 'meaning' with examples.

(d) Explain in brief, with examples, the difference between defining characteristics and accompanying characteristics.

(e) What is definition by denotation? Discuss any three disadvantages of this definition.

(f) Explain in brief, with illustration, any two criteria for sentence meaning.

(g) Evaluate the following definitions :

(i) Telephone is an instrument for communication.

(ii) Left is the opposite of right.

(h) Are the following statements self contradictory? Justify your answer.

(i) The room is empty but full of books.

(ii) Triangles are not three sided.

3. Answer ***any two*** questions :

(a) (i) Distinguish between defining and accompanying characteristics with suitable examples.

(ii) 'From defining X, you can draw no conclusion whatever about whether there are any Xs in the world...' Explain.

(iii) Which of the following state defining characteristic and which state accompanying characteristic?— Explain in each case.

(A) Steel is an alloy of iron.

(B) He is a good student, who scores highest marks.

(C) Axe is used for cutting.

(D) Man is a laughing animal. 5+4+(1½×4)

(b) Distinguish between verbal and ostensive definition. Discuss the importance and limitations of ostensive definition. 5+10

(c) Discuss the Referential theory of word meaning. Is this theory acceptable? Justify your answer. 10+5

(d) How do you distinguish between verifiability and confirmability as criteria of meaning? Explain and examine the confirmability criterion of meaning. 3+12

---